

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০২৯.২২-৯৯৭

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯

১৩ জুন ২০২২

বিষয়: রিট পিটিশন নং ১১৩১/২০২২ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা ও স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ১১৩১/২০২২-এর ২০/০১/২২ খ্রিষ্টাব্দের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার কক্সবাজার পৌরসভার মেয়র এবং প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথ আইনগত প্রক্রিয়া ব্যতিরেকে সীমানা প্রাচীর, দোকান, ভবন এবং স্থাপনা ভেঙে ফেলার বিষয়টিকে চ্যালেঞ্জ করে পিটিশনার সৈয়দ মিসবাহুল আনোয়ার কর্তৃক রিট পিটিশন নং ১১৩১/২০২২ দায়ের করা হয়েছে। বিজ্ঞ আদালত শুনানি অন্ত্যে তর্কিত বিষয়ে উপর্যুক্ত কার্য করা থেকে বিরত থাকার নিমিত্ত প্রতিপক্ষগণের প্রতি রুলনিশি জারিসহ আদেশ গ্রহণের তারিখ হতে ০৬(ছয়) মাসের নিষেধাজ্ঞা (Injunction) প্রদান করেছেন। রিটের নেনং প্রতিপক্ষ জেলা প্রশাসক, কক্সবাজার।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১১৩১/২০২২ মোকদ্দমায় জবাব দাখিলের জন্য প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ সরকারপক্ষে মামলা পরিচালনা ও স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।



১৩-৬-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০২৯.২২-৯৯৭/১

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯

১৩ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
- ২) সিনিয়র সহকারী সচিব, নগর উন্নয়ন-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১৩-৬-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব